সংবাদ

| | |
|---|---|
| তারিখ | 7.2.86 |
| পৃষ্ঠা | 7 কলাম 6 |

052



# 'বিজ্ঞান ও প্রযুক্তির সাহায্য ছাড়া দেশের উন্নতি সম্ভব নয়'

(নিজস্ব বার্তা পরিবেশক)

বিশিষ্ট বিজ্ঞানী ডঃ আবদুল্লাহ-আল-মুতী শরফুদ্দিন বলেছেন, পশ্চিমা দেশগুলো বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে অনেক এগিয়ে গেছে। বিজ্ঞান ও প্রযুক্তির সাহায্য ছাড়া দেশের উন্নয়ন সম্ভব নয়। আজকে 'নতুন বাংলাদেশ' গড়ার সংগ্রাম শুরু হয়েছে। এই সংগ্রামে বিজ্ঞান ও প্রযুক্তির বড় অবদান থাকবে।

গত শনিবার বিকেলে চারুকলা ইনষ্টিটিউট প্রাঙ্গণে এক সম্বর্ধনা অনুষ্ঠানে বক্তৃতাকালে তিনি একথা বলেন।

ডঃ আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দিন ইউনেস্কোর কলিঙ্গ পুরস্কার লাভ করায় কেন্দ্রীয় কচি-কাঁচার মেলার ভাই ও বোনেরা তার সম্মানে এই সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন করেছিল।

তিনি বলেন: আমার বিশ্বাস বড় কোন কাজ একা করা সম্ভব নয়। এ কাজ সম্পন্ন করতে সমষ্টিগত উদ্যোগের প্রয়োজন। অসংখ্য মানুষের ক্লান্তিহীন পরিশ্রমের মাধ্যমেই শুধু পরিবর্তন আনা সম্ভব। ইউনেস্কোর কলিঙ্গ পুরস্কার বিজ্ঞান চর্চার স্বীকৃতি। এই পুরস্কার সবার। বিজ্ঞানকে জনপ্রিয় করার জন্য দেশব্যাপী প্রচেষ্টা অব্যাহত রাখবো।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন জনাব রোকনুজ্জামান খান (দাদাভাই), সরদার ফজলুল করিম জনাব ফয়েজ আহমেদ ডঃ মহম্মদ ইব্রাহিম, জনাব শামসুজ্জামান খান ও শিল্পী হাশেম খান।

সভাপতির ভাষণে শিল্পী কামরুল হাসান বলেন: ডঃ শরফুদ্দিন আমাদের দেশের একটি নক্ষত্র। ইউনেস্কোর কলিঙ্গ পুরস্কার পেয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন।

অনুষ্ঠানে কচিকাঁচার মেলার ভাই ও বোনেরা ডঃ আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দিনকে মাল্যভূষিত করে। দ্বিতীয় পর্বে কচি-কাঁচার ভাইবোনেরা সংগীত পরিবেশন করে।